

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সমাজসেবা ভবন
স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা নিবন্ধন ও নিয়ন্ত্রণ শাখা
ই-৮/বি-১, শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৬.২৮.০১১৬.২৫.৪৫৮

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩
২৯ জুন ২০২৬

বিষয়: স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা (এতিমখানাসহ) যাচাইপূর্বক বিলুপ্তিযোগ্য সংস্থার তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহের নিবন্ধন ও নিয়ন্ত্রণ কার্যক্রম 'স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১' এবং তৎসংশ্লিষ্ট বিধি, ১৯৬২ মোতাবেক পরিচালিত হয়।

০২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, 'স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১' এর আওতায় নিবন্ধিত অনেক সংস্থা নিয়মিত কার্যনির্বাহী কমিটির অনুমোদন গ্রহণ করে না এবং বিধি মোতাবেক অডিট রিপোর্ট ও বার্ষিক প্রতিবেদন দাখিল করে না। এর ফলে একদিকে 'স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১' এবং বিধি, ১৯৬২ লঙ্ঘিত হচ্ছে ও অন্যদিকে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক সংস্থাসমূহের কার্যক্রম তদারকি ও মূল্যায়ন কার্যক্রম ব্যাহত হচ্ছে। ফলে সমাজসেবা অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ার আশঙ্কা সৃষ্টি হচ্ছে।

০৩। এমতাবস্থায়, যে সকল নিবন্ধিত স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা (এতিমখানাসহ) নিয়মিত কার্যনির্বাহী কমিটির অনুমোদন গ্রহণ করে কিন্তু নিয়মিত বার্ষিক প্রতিবেদন ও অডিট রিপোর্ট জমা দেয় না, সে সকল সংস্থাকে এ বিষয়ে সতর্কীকরণ নোটিশ প্রদান করার জন্য বলা হলো।

০৪। একই সাথে, যে সকল নিবন্ধিত স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা (এতিমখানাসহ) ধারাবাহিকভাবে বিগত তিন মেয়াদে কার্যনির্বাহী কমিটির অনুমোদন গ্রহণ করেনি এবং স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধি, ১৯৬২ এর বিধি ৯ অনুসারে অডিট রিপোর্ট ও বিধি ১০ অনুসারে বার্ষিক প্রতিবেদন জমা দেয় না, সে সকল সংস্থা বিলুপ্তির লক্ষ্যে 'স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১' এর ধারা ১০ উপধারা (১) অনুসরণপূর্বক সংগত শুনানির সুযোগ প্রদান করে বিলুপ্তির প্রস্তাব আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ডি নথিতে ও হার্ড কপি ডাকযোগে/কুরিয়ারযোগে সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



২৯-০৬-২০২৬
শাহ মোহাম্মদ মাহরুব
মহাপরিচালক

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সকল জেলা।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৬.২৮.০১১৬.২৫.৪৫৮/১ (৩)

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩
২৯ জুন ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
- ২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়(সকল)।
- ৩। সকল জেলা প্রশাসক।



Kamal Hossain

২৯-০৬-২০২৬
মোঃ কামাল হোসেন
উপপরিচালক